# গাজায় ইসরায়েলের হামলা গণহত্যার শামিল: কাতারের আমির



সংগৃহীত ছবি

কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি বলেছেন, গাজার বিরুদ্ধে ইসরায়েলের সামরিক অভিযান গণহত্যা ছাড়া কিছু নয়। চলমান যুদ্ধবিরতি ভঙ্গের জন্য ইসরায়েলের কঠোর সমালোচনা করে তিনি বলেন, ফিলিস্তিনি জনগণের ওপর নির্যাতন এখনও অব্যাহত আছে।

শেখ তামিম কাতারের শূরা কাউন্সিলের উদ্বোধনী অধিবেশনে বক্তৃতা দিতে গিয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান ফিলিস্তিনিদের সুরক্ষা নিশ্চিত করতে এবং গণহত্যার দায়ীদের দ্রুত বিচার নিশ্চিত করতে।

তিনি বলেন,দুঃখজনক যে, আন্তর্জাতিক সম্প্রদায় এখনও ফিলিস্তিনিদের দুর্দশার ক্ষেত্রে যথাযথ সম্মান দেখাতে ব্যর্থ হচ্ছে।"

কাতারের আমিরের বক্তব্যে স্পষ্টভাবে উঠে এসেছে যে, ফিলিস্তিনিদের মানবাধিকার ও নিরাপত্তা রক্ষা করা আন্তর্জাতিক সম্প্রদায়ের নৈতিক ও রাজনৈতিক দায়িত্ব। একই সঙ্গে তিনি আন্তর্জাতিক চাপ বাড়িয়ে ইসরায়েলের সংঘাতমূলক কর্মকাণ্ড বন্ধ করার প্রয়োজনীয়তা তুলে ধরেছেন।

সূত্র: আল জাজিরা

LENS ASIA